মালদা জেলার শিশু দত্তক প্রদানকারী সংস্থা (SAA): হায়দারপুর শেল্টার অফ মালদার আবেদন

শিশু দত্তক স্নেহের প্রকাশ - তা আইনানুগ হওয়া বাঞ্ছনীয়

কারা দত্তক নিতে পারে ও দত্তক নিতে কি কি করতে হবে বা কি কি জানতে হবে?

১) রাজ্যের যে কোনো সরকার অনুমোদিত দত্তক প্রদানকারী সংস্থা থেকে বাসস্থান নির্বিশেষে দত্তক নেওয়া যায়। এছাড়াও ভারতবর্ষে যে কোনো রাজ্যের অনুমোদিত দত্তক সংস্থা থেকেও বাসস্থান নির্বিশেষে দত্তক নেওয়া যায়। এ বিষয়ে বিশদ তথ্য ও অনুমোদিত সংস্থার নাম পাবেন নিম্নলিখিত ওয়েবসাইট www.cara.nic.in/ **www.adoption.nic.in / www.wbcdwdsw.gov.in**।

২) দত্তক গ্রহণ নির্ভর করে সংস্থায় দত্তক যোগ্য শিশুর উপস্থিতি এবং আইনি প্রক্রিয়ার উপর। এ বিষয়ে দত্তক নিতে ইচ্ছুক ব্যক্তিগণকে ধৈর্য্য রাখতে হবে এবং সংস্থার সাথে সহযোগিতা করতে হবে।

৩) দত্তক নিতে হলে ইচ্ছুক বক্তি বা দম্পতিকে আবশ্যিক ভাবে অনলাইনে নিবন্ধিকরণ করতে হবে প্রথমে নিজের **PAN Card** দিয়ে ওয়েবসাইট : **www.adoption.nic.in** এবং নিজের মোবাইল নম্বরে **Use Id** এবং **Password** পাওয়া যাবে ও **Home Study**-র জন্য **Specialised Adoption Agency (SAA)**-এর নাম র্নিধারন করতে হবে।

৪) শিশু দত্তক নিতে গেলে পিতা ও মাতা যে কাগজগুলো **Online** নথিভুক্ত করতে হবে তা হলো : **1) Joint Photograph (Postcard Size), 2) Voter / Aadhaar Card / Electric Bill, 3) Birth Certificate / Admit Card of Madhyamik Examination, 4) PAN Card, 5) Income Certificate (I.T.Return Copy / Last Salary Pay Slip), 6) Medically fit Certificate, 7) Marriage Certificate.**

৫) **Registration** যেদিন হবে সেদিন থেকে একমাসের মধ্যে উপরিউক্ত কাগজ এবং **SAA**-এর তৈরী করা **Home Study Report** অনলাইন জমা না করলে ঐ **Registration** বাতিল হয়ে যাবে।

৬) দত্তক নিতে ইচ্ছুক দম্পত্তিরা **Registration** সম্পূর্ণ হলে নিজের **User Id** এবং **Password** দিয়ে নিজের **Position** জানতে পারবেন। এর জন্য কোন **SAA**-এর সঙ্গে যোগাযোগ করার প্রয়োজন নেই।

৭) দত্তক প্রক্রিয়াটি সম্পূর্ণ **Online**-এর মাধ্যমে হয়। এটি ভারত সরকারের অধীনস্থ **Central Adoption Resource Authority (CARA)** পরিচালনা করে। শিশু হস্তান্তর বিষয়ে **Specialised Adoption Agency (SAA)**-এর কোন ভূমিকা থাকে না।

৮) **Online** দত্তকে ইচ্ছুক **Registered** দম্পত্তিদের যখন **Serial Number** অনুযায়ী শিশু আসবে তখন **CARA** থেকে দম্পত্তিদের **Registered Mobile Number**-এ **Message** দেওয়া হবে এবং তারা **(PAPs) Online**-এ শিশুর ছবি ও Medical Examination Report (MER) ও Child Study Report (CSR) দেখতে পাবেন। যে শিশু পছন্দ হবে সেই শিশুকে ৪৮ ঘন্টার মধ্যে Block করতে হবে এবং ২০ দিনের মধ্যে নির্ধারিত হোম থেকে শিশু গ্রহণ করতে হবে।

৯) **SAA** হোম থেকে শিশু গ্রহণের সময় দম্পত্তিকে **Registration**-এর সময়ের নির্ধারিত কাগজপত্রসহ ও **Home Study Report**-এর সব **Original** কাগজ নিয়ে যেতে হবে।

১০) যে কোনো নিঃসন্তান দম্পতি, একক পিতা / মাতা বা নিজের সন্তান আছে এরূপ দম্পতি দত্তক গ্রহণ করতে পারবেন।

১১) ০ - ৪ বছর শিশু দত্তক নিতে হলে পিতা মাতার বয়সের মোট যোগফল হতে হবে ৯০ বৎসরের মধ্যে এবং কারো বয়স ২৫ বছরের কম বা ৫৫-এর বেশি না হয় এবং **Single Parents** (একক পিতা বা মাতা) এর বয়স হতে হবে ৪৫ বছর।

১২) ৪ - ৮ বছর শিশু দত্তক নিতে হলে পিতা মাতার বয়সের মোট যোগফল হতে হবে ১০০ বৎসরের মধ্যে এবং ব্যক্তিগত বয়স ২৫ বছরের কম বা ৫৫-এর বেশি না হয় এবং **Single Parents** (একক পিতা বা মাতা) এর বয়স হতে হবে ৫০ বছর।

প্রকাশক : হায়দারপুর শেল্টার অফ মালদা (SAA)

অপর পৃষ্ঠায় দেখুন

১৩) ৮ বছরের উপর থেকে ১৮ বছর বয়স পর্যন্ত্য শিশু দত্তক নিতে হলে পিতা মাতার বয়সের মোট যোগফল হতে হবে ১১০ বৎসরের মধ্যে এবং **Single Parents** (একক পিতা বা মাতা) এর বয়স হতে হবে ৫৫ বছর।

১৪) তবে নিজের চারটির বেশী সন্তান থাকলে দত্তক নিতে পারবেন না।

১৫) একক পিতা কেবলমাত্র পুংলিঙ্গ শিশু দত্তক নিতে পারবেন।

১৬) একক মাতা যে কোন লিঙ্গের শিশু দত্তক নিতে পারবেন।

১৭) প্রত্যেকের বয়সের হিসাব হবে যেদিন থেকে **Online**-এ নাম **Registration** হচ্ছে।

১৮) প্রত্যেকের **Home Study Report**-এর **Validity** তিন বৎসর পর্যন্ত্য। তিন বৎসরের মধ্যে শিশু না পাওয়া গেলে পুনরায় **Home Study** করাতে হবে।

১৯) দত্তক গ্রহণ করার খরচ নিম্নরূপ

ক) সংস্থা দ্বারা গৃহ পর্যবেক্ষণ রির্পোট তৈরী ঃ ৬,০০০ টাকা।

খ) দত্তক প্রক্রিয়া সমাপ্ত হবার পর সংস্থাকে প্রদেয় অর্থ ঃ ৪০,০০০ টাকা

গ) দত্তক অনুগামী কর্মসূচী (**Post Adoption Follow Up**)-র জন্য দুই বছরে চার বারে ২০০০ টাকা করে মোট ৮,০০০ টাকা দিতে হবে। শিশুর **Post Adoption Follow Up Report** সেই হোম থেকে করতে হবে যে হোম থেকে **PAP**-দের **Home Study Report** তৈরী করা হয়েছে।

- মোট খরচ - ৫৪,০০০ টাকা।

১৯) কোনো সংস্থায় শিশু গ্রহণ করতে যাওয়ার আগে **Home Study Report (HSR)**-এর **Original Copy** ও **Online Registration** করার সময় যে সকল কাগজ **Upload** করেছিলেন তার **Original Copy** ও ছবি সঙ্গে নিয়ে আসতে হবে।

২০) কোনো ব্যক্তি বা দম্পত্তি কোনো সংস্থা থেকে যখন কোন শিশু দত্তক হিসাবে প্রতিপালনের জন্য গ্রহণ করবে নিম্নলিখিত নথিপত্রগুলি সংস্থার কাছ থেকে সংগ্রহ করবেন।

ক) শিশুর ডাক্তারি পরীক্ষার রির্পোটের প্রতিলিপি (**MER**)।

খ) শিশুর পর্যবেক্ষণ রির্পোটের প্রতিলিপি (**CSR**)।

গ) প্রতিপালন যত্নের (**Foster Care**) চুক্তির প্রতিলিপি।

ঘ) শিশু কল্যান কমিটি কতৃক প্রদত্ত 'দত্তকের জন্য আইনত বৈধ' শংসাপত্রের প্রতিলিপি।

২১) দম্পত্তি শিশু **SAA** থেকে গ্রহণ করার পর **SAA** তার স্থানীয় জেলা আদালতে নিজের **Legal Advisor** দিয়ে আবেদন করবে আইনত দত্তক পাওয়ার জন্য।

২২) আদালতের নির্দেশে শিশু দত্তক নেওয়া হয়ে গেলেও **SAA** শিশুটিকে দুই বৎসর রক্ষণাবেক্ষণ সংক্রান্ত তথ্য দত্তক গৃহীত পিতা মাতার কাছ থেকে নিবে।

২৩) যতদিন পর্যন্ত্য জেলা আদালত থেকে **Final Adoption Order** না বেড়ায় ততদিন দম্পত্তির কাছে শিশুটি থাকবে এবং দম্পত্তিকে **Foster Care Parents** হিসাবে বিবেচিত করা হবে।

২৪) উপরিল্লিখিত নিয়মাবলী ব্যাতিরেকে অন্য যেকোন পদ্ধতিতে দত্তক গ্রহণ আইনত বৈধ বা স্বীকৃত নয়।

মালদা জেলার শিশু দত্তক প্রদানকারী সংস্থা (SAA) : হায়দারপুর শেল্টার অফ মালদা, মহেশমাটি (পশ্চিম), মালদা - ৭৩২১০১, ফোন নং : ৯৭৩৩১৫৬৭০৪ রেজিসর্টাড সিটি অফিস (City Office)। এখানে কেবল মাত্র অফিস সংক্রান্ত কাজকর্ম করা হয়। হোম বা শিশু সংক্রান্ত কোনো কাজ করা হয় না।

দত্তক বিষয়ক এবং শিশু বিষয়ক ব্যাপারে সরাসরি হোমে যোগাযোগ করুন :-

সুনীতি শিশু গৃহ, গ্রাম : চন্ডীপুর (দূর্গা মন্ডপের নিকট), পোষ্ট : কাজীগ্রাম চন্ডীপুর, জেলা : মালদা, ফোন নং : ০৩৫১২-২৭১২২৫ / ৮৩৭২৯৫৪৪৮৪।

-:পথ নির্দেশিকা :-

রথবাড়ী রেলগেট পেরিয়ে অটো স্ট্যান্ড। অটোকে বলতে হবে কাজীগ্রাম চন্ডীপুর যাব, দূর্গা মন্ডপের সামনে হোমে নামব। হোমের নাম : সুনীতি শিশু গৃহ।

-:নিজে গাড়ী নিয়ে হোমে যেতে চাইলে তার পথ নির্দেশিকা :-

রথবাড়ী ফ্লাইওভারের ওপর দিয়ে গিয়ে ঘোড়াপীড়ের কাছে গিয়ে বামদিকে হোলি চাইল্ড (Holly Child) স্কুলের রাস্তায় ঢুকে পরতে হবে। তারপর ঐ রাস্তায় তিন (3) কি.মি. যাওয়ার পর ডানদিকে আই.এম.পি.এস (I.M.P.S) ইঞ্জিনিয়ারিং কলেজের রাস্তায় ঢুকে আরও এক (1) কি.মি. রাস্তায় গিয়ে চন্ডীপুর দূর্গা মন্ডপের সামনে ও রাস্তার ওপরে দাড়াতে হবে। হোমের নাম : সুনীতি শিশু গৃহ।

প্রকাশক : হায়দারপুর শেল্টার অফ মালদা (SAA)